



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

প্রাইভেট সিকিউরিটি গার্ড সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

স্মারক নং- ঢাপ্রপ্রবি/পিএন্ডডি/ওটিএম/২০১৫-১৬/২৮৬

তারিখঃ ২৮/৪/২০১৬ খ্রিঃ

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর নিরাপত্তা সংশ্লিষ্ট কাজের জন্য সিকিউরিটি গার্ড নিয়োজিত করার নিমিত্ত নিম্ন বর্ণিত শর্তাবলী অনুযায়ী দেশের খ্যাতনামা ও প্রতিষ্ঠিত এবং বৈধ কাগজপত্রধারী যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

১।	দরপত্রের বিষয় ও প্যাকেজ নং।	প্রাইভেট সিকিউরিটি গার্ড (আউট সোর্সিং) নিয়োজিতকরন। প্যাকেজ নং- GR-44 (2015-16)।
২।	তহবিলের উৎস।	অত্র বিশ্ববিদ্যালয়ের রাজস্ব বাজেটের আওতায় সংশ্লিষ্ট তহবিল হইতে ব্যয় নির্বাহ করা হইবে।
৩।	দাতা প্রতিষ্ঠানের যোগ্যতা।	খ্যাতনামা বৃহৎ প্রতিষ্ঠান, বৈধ কাগজপত্রধারী, নিরাপত্তা সংক্রান্ত কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এতদসংক্রান্ত বিষয়ে ন্যূনতম ৩টি প্রতিষ্ঠানে নিরাপত্তা সার্ভিসের অভিজ্ঞতা ও প্রশংসাপত্র দরপত্রের সাথে দাখিল করিতে হইবে। প্রতিটি কার্যাদেশ দশ লক্ষ টাকার কম নহে।
৪।	ক) দরপত্র দলিলের মূল্য।	৩০০.০০ (তিন শত) টাকা মাত্র (অফেরতযোগ্য)।
	খ) দরপত্র জামানতের পরিমাণ।	১০,০০০.০০ (দশ হাজার) টাকা মাত্র।
৫।	দরপত্র দলিল বিক্রয়ের স্থান।	অর্থ ও হিসাব শাখা, ডুয়েট, গাজীপুর।
৬।	দরপত্র প্রকাশের তারিখ।	০২/৫/২০১৬ খ্রিঃ।
৭।	দরপত্র দলিল বিক্রয়ের সর্বশেষ তারিখ।	২৫/৫/২০১৬ খ্রিঃ বেলা ১২.০০ পর্যন্ত।
৮।	দরপত্র গ্রহণের তারিখ ও শেষ সময়।	০২/৫/২০১৬ খ্রিঃ হতে ২৬/৫/২০১৬ খ্রিঃ বেলা ১২.০০ পর্যন্ত।
৯।	দরপত্র গ্রহণকারী দপ্তরের নাম ও স্থান।	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অফিস, ডুয়েট, গাজীপুর।
১০।	দরপত্র উন্মুক্তকরণের স্থান, তারিখ ও সময়।	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের অফিস কক্ষ, ডুয়েট, গাজীপুর, তারিখ : ২৬/৫/২০১৬খ্রিঃ সময় ১২.১৫ টা
১১।	সিকিউরিটি গার্ডদের যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স।	ক) সিকিউরিটি গার্ডকে বাংলাদেশী পুরুষ নাগরিক এবং কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এস.এস.সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। খ) সিকিউরিটি গার্ডের ন্যূনতম উচ্চতা ৫'-৬", বৃকের মাপ ন্যূনতম ৩২" সম্প্রসারণ -২" এবং অত্র বিশ্ববিদ্যালয়ের ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। ইহা ছাড়া সিকিউরিটি গার্ডকে কঠোর পরিশ্রমী, চরিত্রবান ও সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। গ) সরবরাহকৃত সিকিউরিটি গার্ডদের বয়স ১৮ বৎসর হইতে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। ঘ) সরবরাহকৃত সিকিউরিটি গার্ডদের আনসার/ভিডিপি অথবা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে পেশাগত প্রশিক্ষণ থাকিতে হইবে। ঙ) সরবরাহকৃত সিকিউরিটি গার্ড নিয়োগের ক্ষেত্রে সামরিক/আধা-সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিল করা যাইতে পারে।
১২।	অন্যান্য শর্তাবলী।	ক) দরপত্র দলিলের মূল্য (অফেরতযোগ্য) যে কোন তফসিলভুক্ত ব্যাংক হইতে ডাইস-চ্যাসেলের, ডুয়েট এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে। খ) এতদসংক্রান্ত বিষয়ে সরকারের/বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ও যে কোন সময় আরোপিত শর্তাবলী মানিতে বাধ্য থাকিবে। গ) দরপত্র দাতাকে একক দর (প্রতিজন সিকিউরিটি গার্ড ও একজন সিকিউরিটি সুপার-ভাইজারের মাসিক সর্বসাকুল্য বেতন ভাতা) কথায় ও অংকে সুস্পষ্টভাবে দরপত্র দলিলে লিখিতে হইবে। ঘ) সিকিউরিটি গার্ডদের জন্য উপযুক্ত ইউনিফর্ম (১২ আইটেম) দরপত্র দাতাকে নিজ খরচে সরবরাহ করিতে হইবে। নিরাপত্তা পোষাকের ধোলাই চার্জ ও অন্যান্য খরচ সরবরাহকারীকেই বহন করিতে হইবে। ঙ) দরপত্রের সহিত ১ সেট নতুন ইউনিফর্ম (ফেরৎযোগ্য) এর নমুনা দরপত্র দাতাকে দাখিল করিতে হইবে। চ) প্রতি আট ঘণ্টার জন্য একজন সিকিউরিটি গার্ড নিয়োজিত রাখিতে হইবে এবং প্রতিজন সিকিউরিটি গার্ডের জন্য ২ সেট ইউনিফর্ম বরাদ্দ রাখার ব্যবস্থা থাকিতে হইবে। সিকিউরিটি গার্ডদের খাদ্য ও বাসস্থানের ব্যবস্থা সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে করিতে হইবে। ছ) বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনে সিকিউরিটি গার্ডের সংখ্যা দরপত্রে উল্লেখিত সংখ্যার কম বা বেশী হইতে পারে। জ) পিপিআর-২০০৮ অনুসরণে দরপত্র মূল্যায়নপূর্বক সিকিউরিটি গার্ড নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হইবে। ঝ) নির্ধারিত তারিখে কোন কারণে দরপত্র উন্মুক্তকরণ সম্ভব না হইলে ঠিক তাহার পরের কার্যদিবসে একই সময়ে ও একইস্থানে দরপত্র উন্মুক্তকরণ করা হইবে। ঞ) কর্তৃপক্ষ কর্তৃক কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

অধ্যাপক ড. মোঃ শওকত ওসমান
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।